গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
www.ashrayanpmo.gov.bd

নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৪৩.২০১৬- ১৪৬৪ তারিখ:২৭/০৩/২০১৭ খ্রিঃ

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে আশ্রয়ণ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দাদেশ।

নিম্নোক্ত আশ্রয়ণ-২ প্রকল্পের বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ০৭ নং কলামে বরাদ্দাদেশ প্রদান করা হলো।

ক্রঃ নং	জেলা	উপজেলা	আশ্রয়ণ প্রকল্পের নাম/কাজের বিবরণ	অনুমোদিত গমের পরিমাণ (মে. টন)	পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে. টন)	বর্তমানে ছাড়কৃত গমের পরিমাণ (মেঃ টন)	
						অংকে	কথায়
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	গোপালগঞ্জ	কোটালীপাড়া	দেবগ্রাম (সম্প্রসারণ)	৯২.১২৪	০.০০০	৯২.১২৪	বিরানব্বই দশমিক এক দুই চার
২	সাতক্ষীরা	আশাশুনি	ভোলানাথপুর বর্ধিতকরণ	৩৫৭.৫১৪	০.০০০	১৭৫.০০০	একশত পঁচাত্তর দশমিক শূন্য শূন্য শূন্য
৩	ভোলা	লালমোহন	সৈয়দাবাদ আশ্রয়ণ প্রকল্পের পুকুর পুনঃখনন ও সংযোগ সড়ক নির্মাণ।	৪২.৭৯৫	২২.৮৮৫	১৯.১০০	উনিশ দশমিক এক শূন্য শূন্য
৪	ভোলা	লালমোহন	দক্ষিণ চর কচ্ছপিয়া	২৬২.১৭৯	৯০.০০০	১৭২.১৭৯	একশত বাহাত্তর দশমিক এক সাত নয়
৫	ভোলা	লালমোহন	কচুয়াখালী তেতুলিয়া আশ্রয়ণ প্রকল্পের পুকুর পুনঃখনন ও মাটির মেরামত কাজ।	১৪৩.৫১৮	৭০.০০০	৭৩.৫১৮	তেহাত্তর দশমিক পাঁচ এক আট
৬	ভোলা	তজুমদ্দিন	মাওলানা ভাষানী	২০৬.৮৮৬	১৫২.০৮৭	৫৪.৭৯৯	চুয়ান্ন দশমিক সাত নয় নয়
৭	ভোলা	তজুমদ্দিন	ফাতেমাতুজ জোহরা আশ্রয়ণ প্রকল্পের ভিটি উঁচুকরণ।	১১৯.০৭৬	৬০.০০০	৫৯.০৭৬	উনষাট দশমিক শূন্য সাত ছয়
৮	ভোলা	তজুমদ্দিন	বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল আশ্রয়ণ প্রকল্পের ভিটি উঁচুকরণ।	২২৯.৫১৪	১১৫.০০০	১১৪.৫১৪	একশত চৌদ্দ দশমিক পাঁচ এক চার
মোট				১,৪৫৩.৬০৬	৫০৯.৯৭২	৭৬০.৩১০	সাত শত ষাট দশমিক তিন এক শূন্য

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। ইতোপূর্বে ছাড়কৃত সমস্ত খাদ্যশস্য দ্বারা মাটির কাজ সম্পন্ন হওয়ার বিষয়ে নিশ্চিত হয়ে জেলা প্রশাসক উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ২৫ মে, ২০১৭ খ্রিঃ।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্ব্বে মাটির কাজ সমাপ্ত করে ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে।

০৪। প্রকল্পটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর' ২০১৪) অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অর্ন্তভুক্ত করতে হবে।

০৫। উপর্যুক্ত প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিত করতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথা সময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণে ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।

০৮। বরাদ্দ পত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে 'emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফ্ট বিবেচনা করা হবে না।

১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টার্ফিং আইটেম বিবেচনা করা যাবে না। শুধুমাত্র মাটির কাজ গ্রহণযোগ্য হবে না।

১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্বানুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।

১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালু ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৩। প্রকল্পের প্রাক- পরিমাপ ও চুড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ফটো/ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। সরকারী প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হ'ল।

২৭/৩/২০১৭
(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন: ৯১২৪১০০
e-mail: ashrayanpmo@gmail.com

জেলা প্রশাসক
গোপালগঞ্জ/সাতক্ষীরা/ভোলা।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/বরিশাল বিভাগ।
৪. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
   (তাঁকে প্রয়োজনীয় পরিবহণ ও আনুষঙ্গিক অর্থের বরাদ্দ পত্র জারি করার জন্য অনুরোধ করা হ'ল)।
৫. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৬. জেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ/সাতক্ষীরা/ভোলা।
৭. উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ/আশাশুনি,সাতক্ষীরা/লালমোহন,ভোলা/তজুমদ্দিন, ভোলা।
৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটালীপাড়া, গোপালগঞ্জ/আশাশুনি,সাতক্ষীরা/লালমোহন,ভোলা/তজুমদ্দিন, ভোলা।
৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ/আশাশুনি,সাতক্ষীরা/লালমোহন,ভোলা/তজুমদ্দিন, ভোলা।